



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.১০১৮

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বাঘাবাড়ী ঘাট হতে জারিকৃত সূচির চাল বরগুনা জেলার বেতাগী এলএসডির পরিবর্তে পটুয়াখালী জেলার গলাচিপা এলএসডিতে প্রেরণের অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ১৬/০৯/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯৮২ নং স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২৯/০৯/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০৯.১৭.২৩১২ নং স্মারক

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ২২/০৯/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.২২৪০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে মেসার্স টি আলী এন্ড কোং, ডিবিসিসি (খু-ব) ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে বরগুনা জেলার বেতাগী এলএসডিতে ৬০০ মে.টন বোরো'২১ সিদ্ধ চালের চলাচল উপসূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্থ ২ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, বরগুনার জেলার বেতাগী এলএসডির ধারণক্ষমতা ২৫০০ মে.টন। তন্মধ্যে বর্তমানে ৫০০ মে.টন ০১টি গুদামের সংস্কারের কাজ চলমান রয়েছে। উক্ত এলএসডিতে ১৫১১.৯৭৯ মে.টন খাদ্যশস্য মজুত রয়েছে এবং ৩০০ মে.টন চাল খালাসের অপেক্ষায় রয়েছে। বেতাগী এলএসডি ঘাটে মেসার্স টি আলী এন্ড কোং, ডিবিসিসি (খু-ব) এর এমভি মুন সানি (জাহাজ এম নম্বর ০১১৯০৭) ইনভয়েস নং ০৩২৫৫২০২ তারিখ ২২/০৯/২০২১ খ্রি. ৬০০ মে.টন চাল নিয়ে ঘাটে অবস্থান করছে। বেতাগী এলএসডিতে খালি জায়গা না থাকায় এলএসডি ঘাটে অবস্থানরত মেসার্স টি আলী এন্ড কোং ডিবিসিসি (খু-ব) এর এমভি মুন সানি বরগুনা জেলার বাহিরে অন্যত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। অপরদিকে বরিশাল বিভাগের কতিপয় এলএসডিতে অক্টোবর'২১ মাসে বিভিন্ন খাতে বিলি বিতরণ ও আপতকালীন মজুত গড়ে তোলার জন্য বিতরণযোগ্য চালের চাহিদা সূত্রস্থ ৩ নং স্মারকে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে বরগুনা জেলার বেতাগী এলএসডিতে খালি জায়গা না থাকায় এবং পটুয়াখালী জেলার গলাচিপা এলএসডিতে চালের চাহিদা থাকায় মেসার্স টি আলী এন্ড কোং, ডিবিসিসি (খু-ব) এর এমভি মুন সানি (জাহাজ এম নম্বর ০১১৯০৭) ইনভয়েস নং ০৩২৫৫২০২ তারিখ ২২/০৯/২০২১ খ্রি. ৬০০ মে.টন চাল পটুয়াখালী জেলার গলাচিপা এলএসডিতে প্রেরণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৩০-৯-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের  
দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.১০১৮/১(১০)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের  
অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি
- ১০) মেসার্স টি আলী এন্ড কোং, মালিক : মোঃ জসিম উদ্দিন প্রধান, ডিবিবিসি (খু-ব), নৌপরিবহণ ঠিকাদার



৩০-৯-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপ-পরিচালক